



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়  
Sher-e-Bangla Agricultural University  
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭

স্মারক নং- শেকুবি/আইএসটি/২০২৬/৫৭

তারিখঃ ২০/০৫/২০২৬ খ্রিঃ

স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ ইনস্টিটিউট অব সীড টেকনোলজীতে জুলাই-ডিসেম্বর/২০২৬ সেমিস্টারে এমএস (সীড টেকনোলজী) কোর্সে ভর্তির জন্য আবেদন আহবান করা হচ্ছে।

নূনতম শিক্ষাগত যোগ্যতাঃ- শেকুবি/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।


আসন সংখ্যা : ৪০ (চল্লিশ) জন

❖ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি এবং আবেদন প্রক্রিয়ার জন্য নিম্নলিখিত লিংক ভিজিট করুন।

<https://ist.sau.edu.bd/frontend/applyonline>

ভর্তি সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ তথ্যাবলীঃ

- আগামী ০৭/০৬/২০২৬ হতে ১৮/০৬/২০২৬ তারিখের মধ্যে এমএস প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করা যাবে। আবেদন ফরমের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশীট/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপিসহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র ও ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা এর চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি সংযোজন করে সরাসরি অফিসে জমা দিতে হবে।
- প্রার্থীর স্নাতক ডিগ্রীর সিজিপিএ এর ভিত্তিতে সফটওয়্যার এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে নির্বাচন করা হবে।
- চাকুরীরত ও বৃত্তিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ভর্তির যোগ্যতা শিথিল যোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট উচ্চশিক্ষার জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্রের কপি অফিসে জমা হবে। চাকুরীরত ও বৃত্তি প্রাপ্ত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা পত্র দিতে হবে এবং এমএস প্রোগ্রামের জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা বেঞ্চ ফি বিশ্ববিদ্যালয় এর ক্যাশ শাখায় ভর্তির সময় জমা দিতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক কোন গবেষণা ব্যয় বহন করবে না।
- নির্বাচিত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ও ক্লাস কার্যক্রম পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ের ও ইনস্টিটিউট অব সীড টেকনোলজী এর ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।
- ভর্তির বিজ্ঞপ্তি অনুযায়ী যোগ্যতাহীন প্রার্থী, অসম্পূর্ণ এবং মিথ্যা তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে
- ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

  
20.05.2026

প্রফেসর ড. নাজমীন সুলতানা

পরিচালক

ইনস্টিটিউট অব সীড টেকনোলজী

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়